সাহেদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি

নিউজ ডেক্স: রিজেন্ট গ্রুপের চেয়ারম্যান মো. সাহেদের বিরুদ্ধে দুইটি মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত। আজ সোমবার মামলার বাদি সাইফুল্লাহ মাসুদের জবানবন্দি গ্রহণ করে ঢাকা মহানগর হাকিম মাইনুল ইসলামের আদালত এই গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন।

মামলার সূত্র থেকে জানা যায়, কারওয়ান বাজারে রড, ইট, সিমেন্টের ব্যবসায়ী মেসার্স মাসুদ এন্টারপ্রাইজের মালিক সাইফুল্লাহ মাসুদ আদালতে সাহেদের বিরুদ্ধে দুটি মামলা করেছেন। তার কাছ থেকে সাহেদ ২০১৮ থেকে ২০১৯ সাল পর্যন্ত দুই কোটি ৫৮ লাখ ৩০ হাজার ৫৫ টাকার রড, সিমেন্ট, ইট ক্রয় করেন। কিছু টাকা পরিশোধ করলেও পাওনা টাকা বাকি থাকে। পরবর্তীতে একইভাবে এক কোটি টাকার রড, ইট, সিমেন্ট নেন সাহেদ। এই এক কোটির জন্য সাহেদ চারটি ব্যাংক চেক দেন। কিন্তু চারটি চেক ব্যাংক প্রত্যাখ্যান করে। তারপর সাইফুল্লাহ

মাসুদ টাকা চান। কিন্তু সাহেদ টাকা দেন না। বরং ভয়ভীতি, হত্যার হুমকি দেন।

এ ব্যাপারে চলতি বছরের ৮ জুলাই উত্তরা পশ্চিম থানায় সাধারণ ডায়েরি করেন। এছাড়া গত বছরের ৩ মার্চ মাসুদ স্বরাষ্ট্রমন্ত্রী বরাবর লিখিতভাবে অভিযোগ জানান। কিন্তু এতেও কোন কাজ হয়নি। তারপর থেকে এ পর্যন্ত সাহেদ আর কোন টাকা পরিশোধ করেননি। এজন্য সাইফুল্লা মাসুদ ঢাকা মহানগর হাকিম আদালতে তার বিরুদ্ধে দুটি মামলা করেন। পরে বাদি মাসুদের জবানবন্দি নিয়ে আদালত সাহেদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। আগামী ১৩ আগস্ট পরবর্তী মামলার দিন ধার্য্য করেছেন আদালত। কালের কণ্ঠ